


জানালা দরকারী কথা

- জানালা বড় হলে মেঝে পর্যন্ত লম্বা পর্দা বেছে নিন।
- জানালার পর্দায় ইচ্ছেমতো কুচি দিয়ে লেস লাগাতে পারেন। এভাবে মাঝে-মাঝে জানালার চেহারা বদলে দিতে পারবেন।
- ঘরের প্রাইভেট অংশের জানালায় এমন ধরনের পর্দা লাগান, যা দিয়ে আলো আসতে পারে। এতে পর্দা দিয়ে জানালা ঢেকে রাখলেও আলো আসবে ঘরে।
- ঘরের যে জানালা দিয়ে সূর্যের আলো আসে সে জানালায় জ্যামিতিক নকশা করা পর্দা লাগান। সেই পর্দায় যখন রোদ পড়বে তখন ঘরের মধ্যে চমৎকার আলো-আধারির নকশা দেখতে পারবেন।



দ্রুত ঘর গোছাতে হবে?

ঘরে হঠাৎ অতিথি আসা আর ঠিক সে সময়ে ঘর একটু অগোছালো থাকা- এ সমস্যায় পড়তে হয়নি এমন পরিবার খুঁজে পাওয়া দুষ্কর। যাই হোক এ রকম পরিস্থিতিতে খুব দ্রুত ঘরকে একটু গোছালো চেহারা দিতে কী কী করতে পারেন সে সম্পর্কে কিছু পরামর্শ দেয়া হলো।

- বিছানায় কিছু থাকলে সেটা বালিশের নিচে চাপা দিয়ে রাখুন।
- ডাইনিং টেবিলে থাকা অপ্রয়োজনীয় জিনিস বা খাবার ফ্রিজে চালান করে দিন।
- স্যুটকেস রাখতে পারেন খাটের নিচে বা অন্য কোথাও। দ্রুত জিনিসপত্র লুকাতে স্যুটকেসের জুড়ি নেই।
- খাটের নিচেও রাখতে পারেন। জিনিসপত্র রেখে বিছানার চাদরটা একটু নামিয়ে দিন।
- আর রোড্রোজ্জ্বল দিন হলে ব্যালকনিতে অনেক কিছু রাখতে পারেন।

ঝুলিয়ে রাখার নান্দনিকতা

ঘরে বিভিন্ন দরকারী জিনিস ঝুলিয়ে রাখাটাই বরং সুবিধাজনক। ঘরের সৌন্দর্য বৃদ্ধি, দ্রুত হাতের কাছে পাওয়া থেকে নানা ধরনের সুবিধা আছে এ পদ্ধতির। একটু দেখে নিন কোন জিনিস কেন ঝুলিয়ে রাখবেন-

- রান্নাঘরে চামচ বা অনেক কিছুই হঠাৎ করে দরকার হয়ে পড়ে। এগুলোর আকারও বিভিন্ন ধরনের হয়। তাই সুবিধামতো এসব জিনিস রান্নাঘরের দেয়ালে ঝুলিয়ে রাখুন।
- বাসায় ছোট শিশু থাকলে তাদের খেলনা এবং টুকিটাকি

জিনিস রাখার জন্য দরজার পেছনে সুন্দর চেহারার কিছু ব্যাগ ঝুলিয়ে রাখতে পারেন। এসব সুন্দর ব্যাগ দেখতেও ভালো লাগবে। জায়গা বাঁচাবে এবং দরকার মতো শিশুদের খেলনাগুলোও হাতের কাছে পাবেন।

- রান্নাঘর বা অন্য রুমে ছাদে ছোট র্যাক লাগাতে পারেন।
- ঘরের টুকিটাকি জিনিস রাখতে বাঁশ বা কাঠের তৈরি ছোট ছোট গ্রাস দেয়ালে ঝুলিয়ে রাখতে পারেন।

* ঘরে সুবিধামতো জায়গায় হুক লাগিয়ে রাখুন। অনেক জরুরি জিনিস দরকারমতো ঝুলিয়ে চোখের সামনে রাখতে পারবেন।

